গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
**(রাজস্ব শাখা)**
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৬.৩৬০০.০১৮.০৩.০০১.২৫-২০৬৭ তারিখ: ০৩ জুন ২০২৫

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০১ জুন ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.২৬৪ নম্বর স্মারকে "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে ০৯ (নয়)টি উপজেলার ০৯ (নয়)টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের ০৪/০৬/২০২৫ তারিখ হতে ১৮/০৬/২০২৫ তারিখের মধ্যে সকাল ১০ ঘটিকা হতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত নির্দেশিত ওয়েবপেজ (www.habiganj.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোডপূর্বক যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে উল্লিখিত ই-মেইলে (dchabiganj@mopa.gov.bd) আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনে উল্লিখিত সকল কাগজাদি স্ক্যান করে পিডিএফ ফরম্যাটে ইমেইলের মাধ্যমে কপি সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। হার্ড কপিতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

**হবিগঞ্জ জেলায় ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা**

| ক্র. নং | উপজেলার নাম | যে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য (সংখ্যায়) | | | | সেবার নাম |
|---|---|---|---|---|---|---|
| | | ভূমি অফিসের নাম | সংখ্যা | ইউনিয়নের নাম | সংখ্যা | |
| ০১ | হবিগঞ্জ সদর | উপজেলা ভূমি অফিস হবিগঞ্জ সদর, হবিগঞ্জ | ০১ | পৌর ভূমি অফিস হবিগঞ্জ সদর, হবিগঞ্জ | ০১ | ল্যান্ড সার্ভিসেস ফ্যাসিলিটেটিং সেন্টার (এলএসএফসি) |
| ০২ | শায়েস্তাগঞ্জ | উপজেলা ভূমি অফিস শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ | ০১ | শায়েস্তাগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ | ০১ | |
| ০৩ | চুনারুঘাট | উপজেলা ভূমি অফিস চুনারুঘাট, হবিগঞ্জ | ০১ | সদর ইউনিয়ন ভূমি অফিস চুনারুঘাট, হবিগঞ্জ | ০১ | |
| ০৪ | বাহুবল | উপজেলা ভূমি অফিস বাহুবল, হবিগঞ্জ | ০১ | সদর ইউনিয়ন ভূমি অফিস বাহুবল, হবিগঞ্জ | ০১ | |
| ০৫ | নবীগঞ্জ | উপজেলা ভূমি অফিস নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১ | সদর ইউনিয়ন ভূমি অফিস নবীগঞ্জ, হবিগঞ্জ | ০১ | |
| ০৬ | আজমিরীগঞ্জ | উপজেলা ভূমি অফিস আজমিরীগঞ্জ, হবিগঞ্জ | ০১ | বদলপুর ইউনিয়ন ভূমি অফিস, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ | ০১ | |
| ০৭ | বানিয়াচং | উপজেলা ভূমি অফিস বানিয়াচং, হবিগঞ্জ | ০১ | বানিয়াচং ৫/৬ নং ইউনিয়ন ভূমি অফিস, বানিয়াচং, হবিগঞ্জ | ০১ | |
| ০৮ | লাখাই | উপজেলা ভূমি অফিস লাখাই, হবিগঞ্জ | ০১ | বুল্লা ইউনিয়ন ভূমি অফিস লাখাই, হবিগঞ্জ | ০১ | |
| ০৯ | মাধবপুর | উপজেলা ভূমি অফিস মাধবপুর, হবিগঞ্জ | ০১ | সদর ইউনিয়ন ভূমি অফিস, মাধবপুর, হবিগঞ্জ | ০১ | |

**অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে কম্পিউটার মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত হলে অযোগ্য বিবেচিত হবেন;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০ সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;

১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং পৌর এলাকার জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে।

০৩/০৬/২৫

ড. মো: ফরিদুর রহমান
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন+০২৯৯৬৬০৬১০০
ই-মেইল: dchabiganj@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৬.৩৬০০.০১৮.০৩.০০১.২৫- ৯০৩৭(২৫)

তারিখ:০৩জুন ২০২৫

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা;

০৩। বিভাগীয় কমিশনার, সিলেট;

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ;

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ;

০৬। উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ (সকল) (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ);

০৭। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ (সকল) (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ);

০৮। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

১০। সহকারী প্রোগ্রামার, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ);

১১। অফিস কপি।

০৩/০৬/২৫

জেলা প্রশাসক
হবিগঞ্জ